তারিখ ...13 JAN 1991
পৃষ্ঠা... ৩ ...কলাম ... ৫...

দৈনিক সংবাদ

# পথকলি ট্রাস্টের কার্যক্রম নীতিগতভাবে চালু রাখার সিদ্ধান্ত

পথকলি ট্রাস্টের পুনর্গঠিত ট্রাস্টি বোর্ডের প্রথম সভা গতকাল শনিবার বোর্ডের চেয়ারপারসন এবং শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় পথকলি ট্রাস্টের কার্যাবলী ও আর্থিক অবস্থা পর্যালোচনা করা হয় এবং আর্থিক অবস্থা ও ট্রাস্টের ঢাকাস্থ বিদ্যালয়গুলোর বর্তমান অবস্থা নিরূপণের জন্য দু'টি উপ-কমিটি গঠন করা হয়। সভায় জেলা পর্যায়ে বিদ্যমান বিভিন্ন বিদ্যালয়ের অবস্থা মূল্যায়ন এবং ফতুল্লা ও মুন্সীখোলায় দু'টি চিকিৎসা কেন্দ্রের কাজ অব্যাহত রাখারও সিদ্ধান্ত নেয়া হয়। উল্লেখ্য, ভবিষ্যতে নির্বাচিত সরকার কর্তৃক পথকলি ট্রাস্টের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার সুবিধার্থে নীতিগতভাবে এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

3